

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ২৩.৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

চিটাগং শপিং কমপ্লেক্সকে উন্নত ব্যবসায়িক হাব হিসেবে প্রতিষ্ঠা করা হবে: মেয়র ডা. শাহাদাত হোসেন

চিটাগং শপিং কমপ্লেক্সকে উন্নত ব্যবসায়িক হাব হিসেবে প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন রোববার চিটাগং শপিং কমপ্লেক্স দোকান কর্মচারী সমিতির আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। এসময় মেয়র তার বক্তব্যে রমজান মাসের গুরুত্ব তুলে ধরে বলেন, রমজান মাস একটি বিশেষ সময়, যা আত্মশুদ্ধি এবং গুনাহ মার্ফ করার মাস। আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভাষায়, রমজান মাসে যে বান্দা গুনাহ ক্ষমা করতে পারে না, তার চেয়ে দুর্ভাগা আর কেউ হতে পারে না।" এই রমজান মাসে আমাদের সবাইকে অবশ্যই এমন শিক্ষা অর্জন করতে হবে, যাতে আমরা আগামী ১১ মাসেও একইভাবে সত্য, ন্যায় এবং দুর্নীতির বিরুদ্ধে দৃঢ়



অবস্থান নিতে পারি।" ব্যবসায়ীদের উদ্দেশ্যে মেয়র বলেন, "এখানে চিটাগং শপিং কমপ্লেক্সে আমি আপনারা যেসব সমস্যার কথা বলেছেন, সেগুলোর সমাধান আমি ব্যক্তিগতভাবে দেখব। আমরা সিটি কর্পোরেশন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে মিলিত হয়ে আপনার সমস্যাগুলোর সমাধান করব। আমি জানি যে, আপনাদের জন্য বিদ্যুৎ সংযোগ, পানি সমস্যা সহ অন্যান্য সমস্যা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং তা দ্রুত সমাধান করা হবে। চিটাগং শপিং কমপ্লেক্সকে একটি উন্নত ব্যবসায়িক হাব হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য সিটি কর্পোরেশন কাজ করছে। বাজারের ছোট ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করা হবে, কারণ বড় সিডিকেটগুলো শুধু নিজেদের স্বার্থ দেখছে। মেয়র আরও বলেন, রমজানের শিক্ষায় আমরা যদি নিজেকে শুদ্ধ করতে পারি, তবে আমাদের সমাজে অবিচার, দুর্নীতি ও অন্যায়ের বিরুদ্ধে আমরা শক্তিশালী ভূমিকা রাখতে পারব। সমাজে ইসলামিক মূল্যবোধ বাড়াতে পারবো। এ সময় উপস্থিত ছিলেন চিটাগং শপিং কমপ্লেক্স দোকান কর্মচারী সমিতির সভাপতি মোহাম্মদ ফজলুল হক (জাবেদ), সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ মাকসুদুর রহমান, সহ সভাপতি মোহাম্মদ জসীম উদ্দীন, মোহাম্মদ শহিদুল ইসলাম, মোহাম্মদ আশরাফ হোসেন, মোহাম্মদ ইসমাইল, মোহাম্মদ শফিউল্লাহ সাধারণ সম্পাদক আমিনুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮